

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
যুব-০১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.moysports.gov.bd



নং-৩৪.০০.০০০০.০৫১.৭২.০০১.২০(যুকত)-৩৫


তারিখ : ১০ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ  
২৫ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : যুবকল্যাণ তহবিল হতে ২০১৯-২০২০ অর্থবছরের যুব সংগঠনকে অনুদান প্রদানের নিমিত্ত জেলা যাচাই-বাছাই কমিটির মাধ্যমে অনলাইন আবেদনসমূহ পুনঃনির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের লক্ষ্যে উপপরিচালকবৃন্দকে নির্দেশনা প্রদান।

সূত্র : এ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৭২.০০১.২০(যুকত)-২৩, তারিখ: ০৩ জুন, ২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যুবকল্যাণ তহবিল হতে ২০১৯-২০২০ অর্থবছরের যুব সংগঠনকে অনুদান প্রদানের নিমিত্ত চলমান সফটওয়্যারের কিছু ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হওয়ায় জেলা যাচাই বাছাই কমিটির মাধ্যমে যুব সংগঠনের অনলাইন আবেদনসমূহ মন্ত্রণালয়ে প্রেরণ কার্যক্রম ৩১ আগস্ট, ২০২০ খ্রি. তারিখ পর্যন্ত স্থগিত করা হলো। এ পরিপ্রেক্ষিতে জেলা যাচাই বাছাই কমিটির মাধ্যমে অনলাইন আবেদনসমূহ যথানিয়মে আগামী ০১ সেপ্টেম্বর, ২০২০ হতে ১০ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে প্রেরণের লক্ষ্যে জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপপরিচালকবৃন্দকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ ছাড়া জেলা যাচাই-বাছাই কমিটির ইতোমধ্যে অনুষ্ঠিত সভায় অনুদানের অনলাইন আবেদন যারা দৃশ্যমান করতে পারেননি তাদেরকে পুনঃনির্ধারিত সময়ের মধ্যে অনলাইন আবেদনের তালিকা সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর বরাবরে দাখিলের নির্দেশনা প্রদানের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(দিলরুবা শারমিন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৭৫৫০৯

মহাপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত সচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল)।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল)।
- ৬। প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। জনাব শামীম আহমেদ, প্রোজেক্ট ম্যানেজার, Swift Solution, মিরপুর-১, ঢাকা { এ বিষয়ে সফটওয়্যারের উদ্ভূত সমস্যা (সেন্টার প্যানেলসহ অন্যান্য সকল প্যানেল বোর্ড) ৩১ আগস্ট, ২০২০ তারিখের মধ্যে স্বেচ্ছাবে নিরসন করার জন্য বলা হলো }।
- ৮। অফিস কপি।